



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৫.১৯.১১

তারিখ: ২২ পৌষ ১৪২৮

০৬ জানুয়ারি ২০২২

বিষয়: পল্লবী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক এমপিও থেকে বেতন ও উৎসব ভাতা কর্তন করায় ন্যায় বিচার পাওয়ার অভিযোগ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লবী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক এমপিও থেকে বেতন ও উৎসব ভাতা কর্তন করায় ন্যায় বিচার পাওয়ার জন্য জনাব মতিউর রহমান, অফিস সহায়ক অভিযোগ দায়ের করেন। অভিযোগকারী জানান যে, তিনি ২০১৪ সালে চতুর্থ শ্রেণির পদে যোগদান করে কর্মরত। বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ মাহবুবুর রহমান গত ২০১৭ সালে উপাধ্যক্ষ পদে যোগদান করেন। পরবর্তীতে তিনি ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার গ্রহণ করার পর থেকে নিয়মনীতি উপেক্ষা করে শিক্ষক-কর্মচারীদের ভয়ভীতি প্রদর্শন করা শুরু করেন। গত ১৭ মার্চ ২০২০ থেকে করোনা মহামারীর সময়ে লগডাউন শুরু হয়। করোনাকালীন সময়ে মে/২০২০ এর এমপিও থেকে জুলাই/২০২০ পর্যন্ত এমপিও থেকে ২৪০০/- টাকা করে কর্তন করে ব্যাংকে বিল জমা দেন। পরবর্তীতে ভারপ্রাপ্ত অধ্যক্ষ কোন সিদ্ধান্ত ছাড়াই ২০/০৮/২০২০ তারিখে কারণ দর্শানো নোটিশ জারি করেন। তিনি কারণ দর্শানো নোটিশের জবাব দেন। পরবর্তীতে পুনরায় কারণ দর্শানো নোটিশ দেয়া হয়। পরবর্তীতে বিভিন্ন মাসে প্রায় ২৮,০৩৩/- টাকা কর্তন করেন। তিনি বিভিন্ন সময়ে সভাপতিকে লিখিত অবহিত করেন। প্রতিষ্ঠান প্রধান বেতন ভাতা কর্তন করেই যাচ্ছেন।

অভিযোগটি তদন্ত করে প্রতিবেদন দেয়ার জন্য উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়টি সরেজমিনে তদন্ত পূর্বক ১৫(পনেরো) কর্ম দিবসের মধ্যে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

৬-১-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

উপপরিচালক (কলেজ)

কলেজ শাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৩৫.১৯.১১/১

তারিখ: ২২ পৌষ ১৪২৮

০৬ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ, পল্লবী কলেজ, পল্লবী, ঢাকা;
- ২) সংরক্ষণ নথি।



৬-১-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক